# BELIEVERS EASTERN CHURCH

Office of the Metropolitan, Synod secretariat, St. Thomas Community, Thiruvilla, Kerala, India

## পালকীয় পত্র

সেপ্টেম্বর / অক্টোবর ২০২৩

পিতা, পুত্র এবং পবিত্র আত্মার নামে সকল আর্চবিশপ এবং বিশপ, পুরোহিত এবং ডেকন ফাদার, ইভাঞ্জেলিস্ট এবং সিস্টার্স অফ কম্পাসন এবং বিশ্বব্যাপী বিলিভার্স ইস্টার্ন চার্চের সকল বিশ্বাসী ভাই ও বোনেদের আশীর্বাদ ও শুভেচ্ছা জানাই। আমেন!

খ্রীষ্টতে প্রিয়তমেরা,

রূপান্তর পর্বের সময়, আমাদেরকে অর্থোডক্স খ্রিষ্টীয় জীবনের লক্ষ্য বিষয়ে মনে করিয়ে দেওয়া হয়েছে। আমাদেরকে আরও বেশি করে ঈশ্বরের ঐশ্বরিক প্রকৃতিতে স্বরূপান্তরিত হওয়া (২করি.৩:১৮), এবংএটি হওয়ার জন্য অনুতাপ অপরিহার্য। আসুন আমরা এই মাসে অনুতাপের দিকগুলির প্রতি একটু মনোযোগ দিয়ে দেখি

**১. অনুতাপ হল ক্রমাগত বা চলমান পক্রিয়া.**

যেমন মন্ডলীর একজন সুনামধন্য সাধু বলেছেন, ' জীবন ধারনের একমাত্র দুটি উপায় রয়েছে : আমাদের পাপ করা উচিৎ নয় বা যদি আমরা পাপ করি, আমাদের অবশ্যই অনুতাপ করতে হবে। এটিই পরিত্রাণের একমাত্র উপায়। এবং যেহেতু আমাদের মধ্যে কেউই নিষ্পাপ জীবন যাপন করতে অসমর্থ , তাই আমাদের প্রত্যেককে অবিরাম অনুতপ্ত হতে হবে। অনুতাপের জন্য আমাদের পুরানো পথ ত্যাগ করার এবং খ্রীষ্টের পথ অবলম্বন করার

জন্য আমাদের ইচ্ছুক হওয়া প্রয়োজন, এমনকি যেমন পবিত্র আত্মা আমাদের সূচিত করে যে কোথায় আমাদের পরিবর্তন করতে হবে। সেইজন্য প্রাথমিকমন্ডলীর পালক পিতারা যীশুর প্রার্থনাকে পুনরাবৃত্তি করেছিলেন "প্রভু যীশু খ্রীষ্ট, ঈশ্বরের পুত্র, আমার প্রতি দয়া করুন, আমি একজন পাপী"। এবং যখন আমরা তাহা করিয়া থাকি , তখন ঈশ্বর আমাদের শুচি করনের দ্বারা সাড়া দেন। সাধু যোহন ব্যাখ্যা করেছেন যে এটি কীভাবে কার্য করে: "যদি আমরা আমাদের পাপ স্বীকার করি, তিনি আমাদের পাপ ক্ষমা করতে এবং সমস্ত অন্যায় থেকে আমাদের শুচি করতে বিশ্বস্ত এবং ধার্মিক" (১ যোহন ১:৯)।

**2. কপটতাপূর্ন অনুতাপ বন্ধ করুন**

সাধু যোহন বাপ্তাইজকের সময়ে, ইহুদি ধর্মাবলম্বীরা তাদের পরিত্রাণ এবং শাশ্বত নিরাপত্তার জন্য অব্রাহামের বংশধর হওয়ার উপর নির্ভর করত । অতএব, তাদের অনুতাপ প্রায়ই কপটতাপূর্ন ছিল, এবং ফলস্বরূপ তাদের জীবনে কিছুই পরিবর্তন হয়নি । সাধু যোহন বাপ্তাইজকের সেই ইস্রায়েলীয়দের জন্য একটি বার্তা ছিল: " মনে মনে বলিতে আরম্ভ করিওনা যে , অব্রাহাম আমাদের পিতা ; কেননা আমি তোমাদিগকে বলিতেছি , ঈশ্বর এই সকল পাথর হইতে অব্রাহামের জন্য সন্তান উৎপন্ন করিতে পারেন। " ( সাধু লুক ৩:৮) কখনও কখনও আমরা এইরূপ অতীতের আধ্যাত্মিক অভিজ্ঞতাকে অজুহাতরূপে ব্যবহার করি ।

অবিরত অনুতাপের গুরুত্বকে উপেক্ষা করি , এবং আমাদের মধ্যে উপস্থিত অ-খ্রিস্টীয় আচরণের জন্য অন্ধ হয়ে যাই । ফলস্বরূপ, আমরা আমাদের জীবনের অনেক ক্ষেত্রে আধ্যাত্মিকভাবে বৃদ্ধি পেতে ব্যর্থ হই; আমাদের জন্য ঈশ্বরের পরিকল্পনা পরিপূর্ণ হয় না ; যাহার কারনে ঈশ্বর প্রদত্ত অনেক পুরস্কার আমরা হারিয়ে ফেলি ; এবং এই জগতে আমরা প্রভুর প্রতিনিধিত্ব করতে ব্যর্থ হই, যেভাবে আমাদের করা উচিত।

হই

## ৩. সত্যিকারের অনুতাপ: "পুরাতন পথগুলো " খ্রিস্টের জীবনের সাথে প্রতিস্থাপিত হয়েছে

এটা কি পরচর্চা, হিংসা, অলসতা, অভিযোগ, অন্যের সমালোচনা, অসততা, অবাধ্যতা, অনৈতিকতা,ক্ষমাহীনতা, স্বার্থপরতা, আত্মসমর্পণের অভাব, বিদ্রোহ, লোভ, পরনিন্দা , বা ছলনা ? বোধহয় আপনার "পুরাতন পথগুলো" এই তালিকার মধ্যে নেই, কিন্তু আপনি জানেন সেইগুলো কি কি ? প্রকৃতভাবে অনুতপ্ত হওয়ার সিদ্ধান্ত নিন এবং এই অ- খ্রিস্টান পথগুলি সরিয়ে ফেলুন এবং প্রভু যীশু খ্রীষ্টের মত জীবন ধারণ করুন । যেমন সাধু পৌল লিখেছেন: অতএব আইস , আমরা অন্ধকারের ক্রিয়াসকল ত্যাগ করি এবং তোমরা প্রভু যীশু খ্রীষ্টকে পরিধান কর , তোমরা পূর্বকালীন আচরণ সম্বন্ধে সেই পুরাতন মনুষ্যকে ত্যাগ কর এবং নতুন মনুষ্যকে পরিধান কর , যাহা সত্যের ধার্মিকতায় ও সাধুতায় ঈশ্বরের সাদৃশ্যে সৃষ্ট হইয়াছে। ( রোমীয় ১৩:১২, ১৪; ইফিষীয় ৪:২২, ২৪)।


খ্রীষ্টতে আমার প্রিয় সন্তানেরা, আসুন আমরা কখনই ভুলে যেন না যাই যে ,পরিত্রাণ একটি দৈনন্দিন প্রক্রিয়া, এবং আসুন আমরা ‘সভয়ে ও সকম্পে আমাদের পরিত্রাণের কার্যকে সম্পন্ন করিবার নিমিত্ত প্রচেষ্টা করি ’ (ফিল ২:১২)

পরিশেষে ,আসুন আমরা ভারতের মণিপুরে আমাদের ভাই ও বোনদের শান্তি ও সুরক্ষা ফিরে আসার জন্য অবিরত প্রার্থনা করি।

সর্বশক্তিমান ঈশ্বরের শান্তি ও করুণা আপনাদের সহিত সদা সর্বদা সহবর্তী হউক।

পবিত্র মন্ডলীর সেবায়,<br>
খ্রীষ্টতে আপনার পিতা,

তারিখ : ১৮ ই আগস্ট ২০২৩<br>
স্থান : পবিত্র সিনড



অ্যাথানাসিয়াস ইয়োহান প্রথম মেট্রোপলিটান